গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩।

স্মারক নম্বর: ১৪.৩১.৮১০০.৩১১.১১.০০১.১৮ তারিখ: রাজশাহী, ২৫/০৫/১৪২৬ বঃ/০৯/০৯/২০১৯ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী এর অধীনে নিম্নবর্ণিত তৃতীয় শ্রেণির শূণ্য পদে নিয়োগের জন্য নিম্নোক্ত জেলার প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, গ্রেড এবং বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	উচ্চমান সহকারী গ্রেড-১৪(১০২০০-২৪৬৮০)	০৭	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের ডিগ্রী।	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, রংপুর, জয়পুরহাট, বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ ও রাজশাহী।
০২	মেকানিক গ্রেড-১৪(১০২০০-২৪৬৮০)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুপ্রতিষ্ঠিত অটোমোবাইল ওয়ার্কশপে ০৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা ; অথবা (গ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে অটোমোবাইলে ট্রেড কোর্সধারী।	
০৩	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) গ্রেড-১৪(১০২০০-২৪৬৮০)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সাঁটলিপিতে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ৬০ ও ৮০ এবং ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।	
০৪	পোস্টাল অপারেটর গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০)	১৪১	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উত্তীর্ণ হতে হবে। কম্পিউটারে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	
০৫	ড্রাফটসম্যান গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০)	০১	কোন স্বীকৃত ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী।	
০৬	ড্রাইভার (ভারী) গ্রেড-১৫(৯৭০০-২৩৪৯০)	০৪	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী গাড়ী চালনায় ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
০৭	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	১০	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে।	
০৮	পাম্প অপারেটর গ্রেড-১৬(৯৩০০-২২৪৯০)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল ট্রেড কোর্সধারী।	
০৯	মিডওয়াইফ গ্রেড-১৬(৯৩০০-২২৪৯০)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে মিডওয়াইফারীতে ন্যূনতম ০১ (এক) বছরের সার্টিফিকেট কোর্স সম্পন্ন।	

০১। ০১ হতে ০৯ নং ক্রমিকের পদের যোগ্য প্রার্থিগণকে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সকল পদের লিখিত পরীক্ষার স্থান, বিষয় ও সময়সূচি পরবর্তীতে http://pmgnc.teletalk.com.bdএই ওয়েবসাইট/জাতীয় দৈনিক পত্রিকা/এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

০২। শর্তাবলী:

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

খ) প্রার্থীর বয়স ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধির ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। কিন্তু মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনিদের) বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না।

০৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছু ব্যক্তি http://pmgnc.teletalk.com.bdএই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. online-এ আবেদন পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬/০৯/২০১৯ খ্রিঃ সকাল-১০:০০ টা।

২. online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬/১০/২০১৯ খ্রিঃ রাত-১১:৫৯ টা।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. online-এ আবেদনপত্রে প্রার্থীতার রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) ওস্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB।

গ. online-এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ি ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।

নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobileনম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে সকল পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা মাত্র অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথমSMS: PMGNC<space> User ID লিখে Send করতে হবে 16222 তে।

Example: PMGNC ABCDEF

Reply: Applicant's Name, Tk 112/- Will be charged as application fee. Your PIN is 12345678To pay fee Type PMGNC<space> Yes<space>PIN লিখে Send করতে হবে 16222তে।

দ্বিতীয়SMS: PMGNC<space>Yes <space>PINলিখে Send করতে হবে 16222তে।

Example: PMGNC Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ....Application for post ....User ID is (ABCDEF) and Password(.....................).

চ. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://pmgnc.teletalk.com.bdএই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পূণরুদ্ধার করতে পারবেন।

1. User ID জানা থাকলেPMGNC<space> Help<space> User<space> User ID &Send to16222.

Example: PMGNCHelp User ABCDEF & Send to16222.

2.PIN Number জানা থাকলে PMGNC<space> Help<space>PIN<space>PIN No& Send to16222.

Example: PMGNC Help PIN 12345678& Send to16222.

০৪। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখারয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

০৫। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৬। যেহেতু সকল পদের লিখিত পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হবে সেহেতু একই ব্যক্তির একাধিক পদে আবেদন করার কোন সুযোগ নেই। আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

০৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে, যা মৌখিক পরীক্ষার সময় পেশ করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন পত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতেহবে।অন্যদের ক্ষেত্রে এশর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৮। নিয়োগ বিধি অনুযায়ী সরকার কর্তৃক ঘোষিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৯। মেকানিক, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, ড্রাফটসম্যান, ড্রাইভার (ভারী), অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক,পাম্প অপারেটর এবংমিডওয়াইফ পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল করা হবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(খ) প্রার্থী যেসিটি কর্পোরেশন/ওয়ার্ডের বাসিন্দা/পৌরসভা/ইউনিয়নের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ডকাউন্সিলর/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) জাতীয় পরিচয় পত্র।

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত)।

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত সম্পর্কিত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর স্বপক্ষীয় প্রমাণক (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত)।

(চ) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদেরকে আবেদনের সহিত জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট এর সত্যায়িত সার্টিফিকেট দাখিল করতে হবে।

(জ) অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঝ) Online -এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) দাখিল করতে হবে।

(ঞ) ক্রমিক০৬ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি এবং অভিজ্ঞতার প্রমাণক।

(ট) মেকানিক, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর(স্টেনোটাইপিস্ট), ড্রাফটসম্যান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক,পাম্প অপারেটর এবং মিডওয়াইফ পদের জন্য (২, ৩, ৫, ৭, ৮, ৯ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য) টেকনিক্যাল যোগ্যতার সনদ পত্র।

১২। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ ডাক বিভাগের ওয়েব সাইটে (www.bdpost.gov.bd) পাওয়া যাবে।

১৩। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূণ্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৭। নিয়োগের ক্ষেত্রে যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৮। অনলাইনে আবেদন সম্পন্ন করতে কোনরূপ সমস্যা হলে যে কোন টেলিটক কাস্টমার কেয়ার সেন্টারে যোগাযোগ অথবা যে কোন টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ এ ফোন অথবাvas.query@teletalk.com.bdএ ই-মেইল করা যেতে পারে।

১৯। উপরে উল্লেখ করা হয় নাই এরূপ ক্ষেত্রে সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে।

(এ.কে আজাদ আল শামস্)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
দিনাজপুর বিভাগ, দিনাজপুর-৫২০০
এবং
সদস্য-সচিব, নিয়োগ কমিটি।